

২০ জুন থেকে 'মেটলাইফ সাউথ এশিয়ান স্পেলিং বী' প্রতিযোগিতা



নিউইয়র্ক : সংবাদ সম্মেলনে মেটলাইফ সাউথ এশিয়ান স্পেলিং বী প্রতিযোগিতা সম্পর্কে বক্তব্য রাখছেন মেটলাইফের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট যোসেফ জর্দান। পাশে রাহুল ওয়ালিয়া (সর্ববামে) এবং নীরাজ অরোরা। ছবি-ঠিকানা।

(শেষের পাতার পর)
জন্মে 'স্পেলিং বী' প্রতিযোগিতার আয়োজন করছে। ৬ মে ম্যানহাটনে আহুত এক সংবাদ সম্মেলনে প্রদত্ত ঘোষণা অনুযায়ী অগুরু ১৪ বছর বয়সী ছেলে-মেয়েরা এ প্রতিযোগিতায় অংশ নিতে পারবে। যুক্তরাষ্ট্রের ৮টি স্থানে অনুষ্ঠিত হবে অঞ্চলভিত্তিক প্রতিযোগিতা এবং অংশগ্রহণে ইচ্ছুকদের নাম তালিকাভুক্ত করতে হবে ওয়েবসাইটে www.southasianspellingbee.com।

গত বছরের মত এবারের প্রতিযোগিতাও অনুষ্ঠিত হবে টাচ ডাউন মিডিয়া ইনকের ব্যবস্থাপনায়। ২০ জুন নিউজার্সী, ২১ জুন ওয়াশিংটন মেট্রো, ২৭ জুন ডালাস, ২৮ জুন হিউস্টন, ১১ জুলাই শিকাগো, ১২ জুলাই নিউইয়র্ক, ১৮ জুলাই দসএঞ্জেলস এবং ১৯ জুলাই অনুষ্ঠিত হবে বে এরিয়ায়। প্রতিটি প্রতিযোগিতাই বিনা ফিতে অনুষ্ঠিত হবে এবং তা খেলা থাকবে সর্বসাধারণের জন্যে। অনুষ্ঠানগুলো সরাসরি প্রচারিত হবে সনি এন্টারটেইনমেন্ট টিভিতে। এবারও মিডিয়া

পাঠানার হিসেবে কাজ করছে ঠিকানা পত্রিকা। উল্লেখ্য যে, গত বছরের প্রথম প্রতিযোগিতায় উল্লেখযোগ্যসংখ্যক বাংলাদেশীসহ ৪ শতাধিক শিশু-কিশোর অংশ নেয়।

সংবাদ সম্মেলনে টাচ ডাউন মিডিয়া ইনকের প্রধান নির্বাহী কর্মকর্তা এবং এই প্রতিযোগিতার পরিকল্পনাকারী রাহুল ওয়ালিয়া বলেছেন, আমেরিকানদের সাথে টিকে থাকার জন্যে আমাদের নতুন প্রজন্মকে তৈরী ক্ষেত্রে এ এক দুঃসাহসী পদক্ষেপ। পারিবারিকভাবে উপস্থিত হয়ে দিনভর বিনোদনের পাশাপাশি সম্ভাব্য শিক্ষাগত যোগ্যতা যাচাইয়ের সুযোগ সৃষ্টিকারী এ প্রতিযোগিতায় সুযোগপ্রাপ্তদেরকে প্রথম দিন ২৫টি শব্দ লেখার পরীক্ষা দিতে হবে। এর মধ্যে অন্ততঃ ১৫টি শব্দ সঠিকভাবে লিখতে ও বানান উচ্চারণ করতে হবে। তা না হলে সুযোগ পাওয়া যাবে না। এর মধ্যে শীর্ষে অবস্থানকারী ৩ জনকে নগদ অর্থ পুরস্কার দেয়া হবে। ৮টি অঞ্চলের মোট ১৬ জনকে চূড়ান্ত পরে আসতে হবে এবং তা অনুষ্ঠিত হবে আগস্ট মাসে নিউজার্সীতে। চূড়ান্ত পরে চ্যাম্পিয়ন হবে তাকে নগদ ৫ হাজার প্রদান করবে মেটলাইফ। সংবাদ সম্মেলনে মেটলাইফের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট যোসেফ জর্দান বলেন, আমাদের রয়েছে ৭০ মিলিয়ন ক্লায়েন্ট। এরমধ্যে দক্ষিণ এশিয়ানের সংখ্যাও অনেক। তাই রিটার্ন হিসেবে আমরা কিছু করতে চাই দক্ষিণ এশিয়ানদের জন্যে। কর্মনিচির আন্তরিক সহায়তা অব্যাহত থাকলে মেটলাইফের সেবামূলক কর্মসূচি সম্প্রসারিত করা হবে।

রাহুল ওয়ালিয়া বলেছেন, এ প্রতিযোগিতায় অংশ নিতে ইমিগ্রেশনের স্টাটাস বিবেচিত হবে না অর্থাৎ বৈধ-অবৈধ নির্বিশেষ সকলেই অংশ নিতে পারবে। তবে তাদেরকে বয়স ও জাতিগত পরিচয়পত্র প্রদর্শন করতে হবে। এটি নির্ধারিত হবে মা-বাবার পাসপোর্ট অথবা অন্য কোন ডকুমেন্টের মাধ্যমে।

সনি টিভির নির্বাহী ভাইস প্রেসিডেন্ট রাজন সিং বলেন, বহুজাতিক এ বিশ্বে নিজেদের ভাষাগত দক্ষতা ও শেখার প্রমাণ খুঁজতে এ প্রতিযোগিতা দক্ষিণ এশিয়ান শিশু-কিশোরদের জন্যে অবিখ্যরবীয় ভূমিকা রাখবে বলেই আমরা এর সাথে সম্পৃক্ত হয়েছি। তিনি

